



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমাজসেবা কার্যালয়
পিরোজপুর।



www.dss.pirojpur.gov.bd

স্মারক নং- ৪১.০১.৭৯০০.০০০.১৮.০০১.১৮. ২২৯

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৭ মে ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত ব্যক্তির পুনর্বাসন/বিকল্প কর্মসংস্থান এর তথ্যসহ তহবিলের তথ্য প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থ বছরে সমাজসেবা অধিদফতর হতে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত ব্যক্তির পুনর্বাসন/বিকল্প কর্মসংস্থান এর অর্থ পাওয়া গিয়েছে, যা কর্মসূচি বাস্তবায়নের জন্য উপজেলা/পৌরসভা কার্যক্রম বাস্তবায়ন কমিটি বরাবর প্রেরণ করা হবে। ইতঃপূর্বেও সংশ্লিষ্ট কমিটি বরাবর অর্থ প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক, পিরোজপুর মহোদয়ের পরামর্শমতে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত ব্যক্তির পুনর্বাসনে বকনা গরু পালন, পিঠা তৈরি, পরিবারের অন্যান্য সদস্যদের সহায়তায় ফ্রেঞ্জিলোডের ছোট্ট দোকান, মুড়ি-চানাচুর তৈরি, নিজস্ব ক্ষমতার মধ্যে হাঁসমুরগী পালন, নিজস্ব ক্ষমতার মধ্যে ছাগল, পালন, রিক্সা-ভ্যান চালানো/ভাড়া দেয়া, ঠোঁশা তৈরি প্রভৃতি কাজে উদ্বুদ্ধ করা যেতে পারে। তাঁর কর্মএলাকার ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত ব্যক্তির পুনর্বাসনে উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট কমিটির সভাপতির সাথে আলোচনা করে প্রদত্ত ছক (দুইটি) অনুসারে তথ্য আগামী ২২/০৫/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। তথ্য ছক উপজেলা নির্বাহী অফিসার/কমিটির সভাপতির প্রতিস্বাক্ষর গ্রহণপূর্বক প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত যে সকল ব্যক্তির পুনর্বাসনে আর্থিক সহায়তা প্রদান করা হবে তারা যেন পুনর্বাসন ভিক্ষাবৃত্তিতে ফিরে না যায় সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে সে বিষয়ে ফলো-আপের ব্যবস্থা রাখতে হবে।

পুনর্বাসনযোগ্য ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত ব্যক্তির তথ্য (ছক-১)

ক্রমিক	ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত ব্যক্তির নাম, ঠিকানা	সম্ভাব্য বিকল্প কাজ	প্রয়োজনীয় অর্থের পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫

সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে স্থিতির পরিমাণ (ছক-২)

ব্যাংক হিসাবের শিরোনাম, হিসাব নম্বর, ব্যাংক শাখার নাম	প্রাপ্ত অর্থ	ব্যয়িত অর্থ	বর্তমান স্থিতি	মন্তব্য
	২	৩	৪	৫



(মোঃ ইকবাল করিম)

উপপরিচালক

মোবাইলঃ ০১৭০৮৪১৪১০৬

ইমেইলঃ dd.pirojpur@dss.gov.bd

১. উপজেলা সমাজসেবা অফিসার, সদর/নেছারাবাদ/নাজিরপুর/কাউখালী/ভান্ডারিয়া/ইন্দুরকানি/মঠবাড়ীয়া, পিরোজপুর।
২. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয়, পিরোজপুর।

স্মারক নং- ৪১.০১.৭৯০০.০০০.১৮.০০১.১৮.


তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
১৭ মে ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। জেলা প্রশাসক

২। পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদফতর, বরিশাল।

৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর/নেছারাবাদ/নাজিরপুর/কাউখালী/ভান্ডারিয়া/ইন্দুরকানি/মঠবাড়ীয়া, পিরোজপুর।


উপপরিচালক ২০২২